বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৪৫

তারিখ: ০৭ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২২ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: বিদ্যুৎ ও জ্বালানি খাতের সরকারি কোম্পানিগুলোকে পুঁজিবাজারে সরাসরি তালিকাভুক্তির বিষয়ে বৈঠক প্রসঙ্গে।**

গত ২১ জুলাই ২০২৫ তারিখে পুঁজিবাজারের উন্নয়নে মাননীয় প্রধান উপদেষ্টার নির্দেশনা বাস্তবায়নের অংশ হিসেবে দেশের পুঁজিবাজারে লাভজনক ও ভালো মৌল ভিত্তি সম্পন্ন সরকারি কোম্পানিসমূহকে তালিকাভুক্তির বিষয়ে মাননীয় বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ উপদেষ্টা মহোদয়ের সাথে বিএসইসির একটি বৈঠক অনুষ্ঠিত হয়। রেল ভবনে অনুষ্ঠিত উক্ত বৈঠকে মাননীয় বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ উপদেষ্টা জনাব মুহাম্মদ ফাওজুল কবির খান ও বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর চেয়ারম্যান জনাব মোঃ রেজাউল করিম এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ ও কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী অংশগ্রহণ করেন। অনুষ্ঠিত বৈঠকে দেশের বিদ্যুৎ ও জ্বালানি খাতের সরকারি কোম্পানিসমূহকে সরাসরি তালিকাভুক্তির মাধ্যমে পুঁজিবাজারে আনয়নের বিষয়ে আলোচনা হয়েছে।

দেশের পুঁজিবাজারকে আরো প্রাণবন্ত ও শক্তিশালী রূপ দিতে ভালো মৌল ভিত্তি সম্পন্ন কোম্পানিসমূহের পুঁজিবাজারে তালিকাভুক্তি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে বিএসইসি মনে করে। এরই ধারাবাহিকতায় বিএসইসির প্রচেষ্টা ও উদ্যোগের ফলে উপরিউক্ত বৈঠকটি অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠিত বৈঠকে দেশের বিদ্যুৎ ও জ্বালানি খাতের লাভজনক ও ভালো কোম্পানিগুলোর পুঁজিবাজারে সরাসরি তালিকাভুক্তির পথকে সুগম করতে করণীয় বিষয়েও আলোচনা হয়েছে।

উল্লেখ্য, মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয়ের সভাপতিত্বে গত ১১ মে ২০২৫ তারিখে প্রধান উপদেষ্টার বাসভবন যমুনায় পুঁজিবাজারের সঠিক অবস্থা পর্যালোচনা এবং উন্নয়নে করণীয় নিয়ে একটি উচ্চপর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। বিএসইসির চেয়ারম্যান মহোদয়সহ মাননীয় অর্থ উপদেষ্টা মহোদয়, প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মহোদয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব মহোদয় উক্ত বৈঠকে উপস্থিত ছিলেন। বৈঠকে প্রধান উপদেষ্টা মহোদয় পুঁজিবাজারের উন্নয়নের বিষয়ে বেশকিছু নির্দেশনা প্রদান করেন। মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয়ের নির্দেশনা মোতাবেক ইতোমধ্যে পুঁজিবাজারের উন্নয়নের জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছে এবং নির্দেশনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল সংস্থা ও প্রতিষ্ঠানগুলোর সাথে সমন্বয় করে কার্যক্রম শুরু করেছে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

22/07/2025

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র

